# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাস-দাসীর সাথে ব্যবহার

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যথাসময়ে বেতন মিটিয়ে দেওয়া

খাদেম, কর্মচারী, ভৃত্য বা দাসীকে মাসের মাস যথাসময়ে বেতন মিটিয়ে দিন। নচেৎ যথাসময়ে বেতন না পেয়ে সে বা তার পরিবার যদি অর্থনৈতিক কষ্টে ভোগে এবং আপনার কাজের ক্ষতি হয়, তাহলে তার জন্য দায়ী আপনিই। মজুর হলে তার মেহনতের ঘাম শুকাবার আগে আগেই তার মজুরী আদায় করে দিন।

আব্দুল্লাহ বিন উমার (রাঃ)-এর খাজাঞ্চী তাঁর নিকট এলে তিনি তাকে জিজ্ঞাসা করলেন, ‘‘গোলামদেরকে তাদের আহার দিয়েছে কি?’ খাজাঞ্চী বলল, ‘না।’ তিনি বললেন, ‘যাও, তাদেরকে তা দিয়ে দাও। আল্লাহর রসূল (ﷺ) বলেছেন, ‘‘মানুষের পাপী হওয়ার জন্য এতটুকুই যথেষ্ট যে, সে যার আহারের দায়িত্বশীল তাকে তা (না দিয়ে) আটকে রাখে।’’[1]

তিনি আরো বলেন, ‘‘মজুরকে তার ঘাম শুকাবার পূর্বে তোমরা তার মজুরী দিয়ে দাও।’’[2]

ফুটনোট

[1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৯৯৬

[2]. সহীহুল জা’মে হা/১০৫৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=8081

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন